



তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত আইসিটি ভবন উদ্বোধন

আজ ১৯ ডিসেম্বর সকাল ১১ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে নতুন আইসিটি ভবন উদ্বোধন করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ। উদ্বোধন অনুষ্ঠানের শুরুতেই বৈষম্য বিরোধী আন্দোলনের শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

আইসিটি ভবন উদ্বোধন কালে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয় হলো জাতীয় প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের আইসিটি (ICT) দপ্তরকে আধুনিক প্রযুক্তির মাধ্যমে আরও উন্নত ও সমৃদ্ধ করে নতুন নতুন পরিকল্পনা গ্রহণের মাধ্যমে অধিভুক্ত কলেজ ও শিক্ষার্থীদের দ্রুত সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

তিনি আরও বলেন, “আমাদের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে যাতে তারা দক্ষতা অর্জনের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়কে জাতীয় দায়িত্বশীল প্রতিষ্ঠানে পরিণত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।”

আইসিটি দপ্তর ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে তিনি বলেন “শুধু সুন্দর-সুন্দর অট্টালিকা করলে হবে না, এতে সুন্দর পরিবেশ বজায় রাখতে হবে এবং জাতীয় স্বার্থে দায়িত্বশীল হয়ে সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে যাতে বিশ্ববিদ্যালয়ের ৩৬ লক্ষ শিক্ষার্থী দ্রুততম সময়ে সেবা পেতে পারে। তিনি আরও বলেন “বর্তমান সময়ে ভয় ভীতির উর্ধ্বে থেকে সততা, নিষ্ঠা, সময়ানুবর্তিতা ও দায়িত্বশীল হয়ে কাজ করতে হবে এবং কোন ধরনের অন্যায়, দুর্বালতা করা চলবে না। অন্যায়ের বিরুদ্ধে বর্তমানে আমাদের প্রশাসন জিরো টলারেন্স অবস্থানে আছে।

উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যাপেলের প্রফেসর ড. মোঃ নূরুল ইসলাম এবং ট্রেজারার প্রফেসর ড. এ টি এম জাফরুল আয়ম। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইসিটি দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ শাহনেওয়াজ।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়